

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ শাখা)

স্মারক নং- স্থাসবি/জেপশা/বিধি-২/২০০৭/ ১৫১৯


তারিখঃ ১৭-০৬-২০০৭খ্রিঃ

বিষয় : জেলা পরিষদের মালিকানাধীন আন্তঃজেলা ফেরী/খেয়াঘাট ইজারা প্রদানের নিমিত্ত কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের মালিকানাধীন আন্তঃজেলা ফেরী/খেয়াঘাটসমূহ জেলা পরিষদ ট্যাক্সেশন রুলস্ ১৯৬০ এর ৩৫ ধারা মোতাবেক আর্থিক বছর হিসেবে ১ জুলাই থেকে ৩০শে জুন পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদান করা হচ্ছে। কিন্তু ট্যাক্সেশন রুলস্ ১৯৬০ এ উক্ত ঘাট ইজারা দেয়ার বিষয়ে সুনির্দিষ্ট কোন কমিটি না থাকায় জেলা পরিষদের মালিকানাধীন আন্তঃ জেলা ফেরী/খেয়াঘাটসমূহ ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত ৭(সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলো।

জেলা পরিষদের মালিকানাধীন আন্তঃজেলা ফেরী/খেয়াঘাট ইজারা কমিটি

১.	অতিরিক্ত কমিশনার (সার্বিক)	:	আহ্বায়ক
২.	পরিচালক, স্থানীয় সরকার	:	সদস্য-সচিব
৩.	সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নিবাহী কর্মকর্তা	:	সদস্য
৪.	সংশ্লিষ্ট জেলাসমূহের উপজেলা নিবাহী অফিসার	:	সদস্য
৫.	সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান	:	সদস্য
৬.	সংশ্লিষ্ট উপজেলাসমূহের উপজেলা নিবাহী অফিসার	:	সদস্য
৭.	সংশ্লিষ্ট ইউনিয়নসমূহের (ফেরীঘাটের পাড়স্থিত) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	:	সদস্য


(আঃ গাফফার খান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৯২৭৪

বিভাগীয় কমিশনার
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।